ইমরান ও ইন্দিরা শপথ নিচ্ছেন সন্ধ্যায়

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদকে মন্ত্রী এবং আওয়ামী লীগের মহিলাবিষয়ক সম্পাদক সংরক্ষিত আসনের এমপি ফজিলাতুন নেসা ইন্দিরাকে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিচ্ছেন শনিবার।

এদিন সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি তাদের শপথ বাক্য পাঠ করাবেন।

এর আগে শুক্রবার মন্ত্রিসভায় তাদের নতুন নিয়োগ সংক্রান্ত আদেশ জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। আদেশে বলা হয়, ইমরান আহমদ ও ফজিলাতুন নেসা ইন্দিরার নিয়োগ কার্যকর হবে তাদের শপথ নেওয়ার দিন থেকে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল বিজয়ের পর গত ৭ জানুয়ারি প্রধানমন্ত্রী হিসেবে টানা তৃতীয় মেয়াদে শপথ নেন শেখ হাসিনা। ২৪ জন মন্ত্রী, ১৯ জন প্রতিমন্ত্রী এবং তিনজন উপমন্ত্রী নিয়ে নতুন সরকারের মন্ত্রিসভা গঠন করেন তিনি। অধিকাংশ হেভিওয়েট নেতা বাদ পড়েন এতে।

তবে পাঁচ মাসের মাথায় মন্ত্রিসভায় প্রথম পরিবর্তন আসে। প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানকে স্বাস্থ্য থেকে সরিয়ে তথ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী করা হয়। এ ছাড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ে দায়িত্বরত মন্ত্রী-প্রতিমন্ত্রীদের দায়িত্ব ভাগ করে দেওয়া হয়।

সিলেট-৪ আসনের এমপি ইমরান আহমদ প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছিলেন। মন্ত্রীর দায়িত্বে তিনি একই মন্ত্রণালয়ে থাকবেন নাকি দপ্তর বদল হবে, সে বিষয়ে কোনো ঘোষণা আসেনি। ফজিলাতুন নেসা ইন্দিরাকে কোন মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হবে, তাও জানা যায়নি। তবে গুঞ্জন রয়েছে, তিনি মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পাচ্ছেন।